JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩১

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : করতোয়া] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২৪.০২.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
বরগুনা, ঝালকাঠি, ভোলা, রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, পিরোজপুর।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে,
কী ছিল বিধাতার মনে।
পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বিহারীলাল চক্রবর্তী
গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. কবি সুফিয়া কামাল উত্তর ক

০২. 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটির রচয়িতা কে?
ক. জহির রায়হান খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. আবু ইসহাক ঘ. অন্নদাশঙ্কর রায়
উত্তর গ ব্যাখ্যা ঔপন্যাসিক ও উল্লেখযোগ্য উপন্যাস :

ঔপন্যাসিক	উপন্যাস
আবু ইসহাক	সূর্য - দীঘল বাড়ী, পদ্মার পলিদ্বীপ
জহির রায়হান	হাজার বছর ধরে, আরেক ফাল্গুন
মানিক বন্দ্যোপাধ্যায়	পদ্মানদীর মাঝি, জননী
অন্নদাশঙ্কর রায়	কঙ্কাবতী, মর্তের স্বর্গ

০৩. 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা কে?
ক. মুনীর চৌধুরী খ. হুমায়ূন আহমেদ
গ. মমতাজ উদ্দিন আহমেদ ঘ. কল্যাণ মিত্র
উত্তর ক ব্যাখ্যা 'রক্তাক্ত প্রান্তর' ছাড়াও মুনীর চৌধুরীর অন্যান্য নাটক : কবর, চিঠি, দণ্ডকারণ্য, পলাশী ব্যারাক ও অন্যান্য।

০৪. 'যিনি অধিক কথা বলেন না।' – এক কথায় কী হবে?
ক. সংযত খ. মিতভাষী
গ. অল্পভাষী ঘ. সন্ন্যাসী
উত্তর খ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : অধিক উক্তি - অত্যুক্তি, বেশি কথা বলে যে - বাচাল, যিনি বহু দেখেছেন - বহুদর্শী, যিনি ব্যাকরণ জানেন - বৈয়াকরণ, যিনি অনেক দেখেছেন - ভূয়োদর্শী। যিনি বক্তৃতায় পটু - বাগ্মী।

০৫. 'যা কষ্টে জয় করা যায়।' – এক কথায় কী হবে?
ক. কষ্টার্জিত খ. পরিশ্রমলব্ধ
গ. দুর্জয় ঘ. দুর্লভ উত্তর গ

০৬. কোন বানানটি শুদ্ধ?
ক. মরিচিকা খ. মরিচীকা
গ. মরীচিকা ঘ. মরীচীকা
উত্তর গ ব্যাখ্যা কতিপয় বানান : কনীনিকা, নিমীলিত, নিশীথিনী, উদীচী, প্রতীচী, প্রতীকী, বাল্মীকি, মুহূর্ত, মুমূর্ষু, ম্রিয়মাণ।

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক. অন্বেষণ খ. অন্বেষন
গ. অন্বেশন ঘ. অন্বেশণ উত্তর ক

০৮. আলোয় আঁধার কাটে– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. কর্তায় ৭মী
উত্তর খ ব্যাখ্যা বিভিন্ন কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ : গাঁয়ে মানে না, আপনি মোড়ল। (কর্তায় সপ্তমী), তিলে তৈল হয়। (অপাদানে সপ্তমী), এ দেহে প্রাণ নেই। (অধিকরণে সপ্তমী)।

০৯. খনিতে সোনা পাওয়া যায়– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. অপাদানে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্তায় ৭মী উত্তর গ

১০. 'ক্ষুধার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. ক্ষুধা + ঋত খ. ক্ষুধ + আর্ত
গ. ক্ষুধা + রত ঘ. ক্ষুধার + ত
উত্তর ক ব্যাখ্যা ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত (স্বরসন্ধি)। অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূববর্তী বর্ণে 'আ' ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন : শীত + ঋত = শীতার্ত, তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।

১১. 'আমরণ' কোন সমাস (মরণ পর্যন্ত)?
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর গ ব্যাখ্যা মরণ পর্যন্ত = আমরণ (অব্যয়ীভাব সমাস)। সামীপ্য (নৈকট্য), বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়।

১২. পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে –
ক. বহুব্রীহি সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. তৎপুরুষ সমাস উত্তর ঘ

১৩. 'উনপাঁজুরে' বাগ্‌ধারাটির অর্থ কী?
ক. সৌভাগ্যবান খ. হতভাগ্য
গ. সুসময় ঘ. এর কোনোটিই নয় উত্তর খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৬. ৪০ লিটার অকটেন-পেট্রোল মিশ্রণে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ : ২। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ২ : ৩ হবে?

ক. ১৫ লিটার খ. ১৮ লিটার
গ. ২০ লিটার ঘ. ২৫ লিটার

উত্তর✓ গ ব্যাখ্যা অনুপাত দ্বয়ের যোগফল = ৩ + ২ = ৫

∴ পেট্রোলের পরিমাণ (৪০ এর $\frac{৩}{৫}$) = ২৪ লিটার

অকটেনের পরিমাণ $\left(৪০ \text{ এর } \frac{২}{৫}\right)$ = ১৬ লিটার

মনেকরি, x পরিমাণ অকটেন মিশাতে হবে

প্রশ্নমতে, ২৪ : x + ১৬ = ২ : ৩

$\Rightarrow \frac{২৪}{x + ১৬} = \frac{২}{৩}$

$\Rightarrow$ ২x + ৩২ = ৭২

$\Rightarrow$ ২x = ৭২ − ৩২

$\Rightarrow$ ২x = ৪০

∴ x = ২০ লিটার।

৩৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{1}{2}$ খ. $\frac{4}{5}$
গ. $\frac{5}{7}$ ঘ. $\frac{4}{9}$

উত্তর✓ খ ব্যাখ্যা

$\frac{1}{2} = 0.5; \frac{4}{5} = 0.8; \frac{5}{7} = 0.71$ এবং $\frac{4}{9} = 0.44$

৩৮. $\frac{০.১ \times ০.০১ \times ০.০০৪}{০.০২ \times ০.০০২}$ এর মান কত?

ক. ০.১ খ. ০.০১
গ. ০.০২ ঘ. ০.০০১

উত্তর✓ ক ব্যাখ্যা

$\frac{০.১ \times ০.০১ \times ০.০০৪}{০.০২ \times ০.০০২} = \frac{১ \times ১ \times ৪}{১০ \times ২ \times ২} = ০.১$

৩৯. একটি গ্রামের লোকসংখ্যা ৯% হারে বর্ধিত হয়ে ১৬৩৫ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

ক. ১৩৫০ খ. ১৪০০
গ. ১৫০০ ঘ. ১৫০০

উত্তর✓ গ ব্যাখ্যা

৯% বৃদ্ধিতে বর্তমান জনসংখ্যা (১০০ + ৯) = ১০৯

বর্তমান জনসংখ্যা ১০৯ হলে পূর্বের জনসংখ্যা ১০০ জন

" " ১ " " " $\frac{১০০}{১০৯}$ "

" " ১৬৩৫ " " " $\frac{১০০ \times ১৬৩৫}{১০৯}$

= ১৫০০ জন

৪০. ১৩ সেমি ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা-এর লম্ব দূরত্ব ৫ সেমি হলে জ্যা-এর দৈর্ঘ্য হবে–

ক. ২০ সেমি খ. ২৪ সেমি
গ. ১৮ সেমি ঘ. ২২ সেমি

উত্তর✓ খ ব্যাখ্যা



বৃত্তের OAB ত্রিভুজের OA = ১৩, OB = ৫

∴ $OA^2 = AB^2 + OB^2$

$\Rightarrow (১৩)^2 = AB^2 + (5)^2$

$\Rightarrow$ ১৬৯ = AB^2 + 25

$\Rightarrow AB^2$ = ১৬৯ − ২৫ = ১৪৪

$\Rightarrow AB = \sqrt{১৪৪}$ = ১২

বৃত্তের কেন্দ্র হতে জ্যা এর উপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।

সুতরাং AB + BD = AD

∴ ১২ + ১২ = ২৪ সে.মি.

৪১. একটি সুষম পঞ্চভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে–

ক. ৯০° খ. ১১০°
গ. ১২০° ঘ. ১০৮°

উত্তর✓ ঘ ব্যাখ্যা

আমরা জানি বহুভুজের অন্তঃকোণের পরিমাণ $= \frac{n-২}{n} \times ১৮০°$

$= \frac{৫-২}{৫} \times ১৮০°$

$= \frac{৩}{৫} \times ১৮০°$

= ১০৮°

৪২. একজন দোকানদার ৮% লাভে একটি জিনিস ৫৪ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪৮ টাকা খ. ৫০ টাকা
গ. ৫২ টাকা ঘ. ৪৬ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{১০০ + \text{লাভ}}$

$= \frac{১০০ \times ৫৪}{১০০ + ৮}$

$= \frac{১০০ \times ৫৪}{১০৮}$ = ৫০ টাকা

৪৩. কোনো পরীক্ষায় ১৮% পরীক্ষার্থী ইংরেজিতে, ১২% পরীক্ষার্থী গণিতে এবং ৯% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করলো। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?

ক. ৭৯ জন খ. ৭৫ জন
গ. ৭৭ জন ঘ. ৮২ জন

উত্তর✓ ক ব্যাখ্যা

শুধু ইংরেজিতে ফেল করে (১৮ − ৯)% = ৯%

শুধু গণিতে ফেল করে (১২ − ৯)% = ৩ %

ইংরেজিতে বা গণিতে বা উভয় বিষয়ে ফেল করে

(৯ + ৩ + ৯)% = ২১%

উভয় বিষয়ে পাশ করে (১০০ − ২১)% = ৭৯%

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪৪. ১ হতে ৫৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

ক. ২৭ খ. ২৮
গ. ৩০ ঘ. ৩১

উত্তর✓ গ সমষ্টি $= \frac{n(n+১)}{২}$

$= \frac{৫৯(৫৯+১)}{২}$

$= \frac{৫৯ \times ৬০}{২} = ১৭৭০$

$\therefore$ গড় $= \frac{১৭৭০}{৫৯} = ৩০$

৪৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তাঁর মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

ক. $১\frac{২}{৩}$ খ. $\frac{৫}{৬}$
গ. $১\frac{৩}{৪}$ ঘ. $১\frac{৫}{৬}$

উত্তর✓ ক মোট সময় = ২ + ৪ = ৬ ঘণ্টা
মোট অতিক্রান্ত দূরত্ব = ৫ + ৫ = ১০ মাইল
$\therefore$ গড় বেগ $= \frac{১০}{৬} = ১\frac{২}{৩}$ মাইল / ঘণ্টা

৪৬. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে?

ক. শূন্য খ. অসীম
গ. ভূপৃষ্ঠের সমান ঘ. ভূপৃষ্ঠ থেকে কম

উত্তর✓ খ পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূণ্য। তাই একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল অসীম হবে।

৪৭. বিদ্যুৎশক্তির বাণিজ্যিক একক কী?

ক. ওয়াট খ. ওয়াট-ঘণ্টা
গ. কিলোওয়াট-ঘণ্টা ঘ. কুলম্ব

উত্তর✓ গ এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িৎযন্ত্র এক ঘণ্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট ঘণ্টা বলে। এটি বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক।

৪৮. নিচের কোন গ্যাসটি বায়ুমণ্ডলে গ্রিনহাউস প্রভাবের জন্য দায়ী?

ক. কার্বন ডাইঅক্সাইড খ. অক্সিজেন
গ. হাইড্রোজেন ঘ. হিলিয়াম

উত্তর✓ ক গ্রিন হাউস ইফেক্ট বলতে মূলত তাপ আটকে পড়ে পৃথিবীর সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বুঝায়। বায়ুমণ্ডলে গ্রিনহাউস প্রভাবের জন্য কার্বনডাই অক্সাইড, সি এফ সি, মিথেন, নাইট্রাস অক্সাইড দায়ী।

৪৯. নিষ্ক্রিয় গ্যাস নয়–

ক. অক্সিজেন খ. নিয়ন
গ. হিলিয়াম ঘ. আর্গন

উত্তর✓ ক যেসব মৌল রাসায়নিকভাবে সক্রিয় নয় তাদের নিষ্ক্রিয় গ্যাস বলে। পর্যায় সারণির ডানদিকে শূণ্য গ্রুপে অবস্থিত ৬টি গ্যাসীয় মৌল হল নিষ্ক্রিয় গ্যাস। এদের পরমাণুর বহিস্থ শেলে ইলেক্ট্রনের অষ্টক পূর্ণ থাকায় এরা রাসায়নিক ভাবে নিষ্ক্রিয়। এগুলো হল - হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপ্টন, জেনন, রেডন।

৫০. সার্কের বর্তমান মহাসচিব কোন দেশের?

ক. নেপাল খ. পাকিস্তান
গ. ভুটান ঘ. বাংলাদেশ

উত্তর✓ খ সার্ক (SAARC) আনুষ্ঠানিকভাবে গঠিত হয় ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে। সার্ক সচিবালয় নেপালের কাঠমান্ডুতে অবস্থিত। সার্কের প্রথম মহাসচিব বাংলাদেশের আবুল আহসান। সার্কের বর্তমান বা ১৩তম মহাসচিব পাকিস্তানের আমজাদ হোসেন সিয়াল। তিনি ১ মার্চ ২০১৭ দায়িত্ব গ্রহন করেছেন।

৫১. ইরানের ইসলামি বিপ্লবের নায়ক কে?

ক. মোহাম্মদ রেজা পাহলভি খ. আয়াতুল্লাহ আলী খামেনি
গ. রুহুল্লাহ আয়াতুল্লাহ খোমেনি ঘ. আহমাদিনেজাদ

উত্তর✓ গ ইরানের ইসলামী বিপ্লব হচ্ছে ১৯৭৯ সালে ঘটা একটি যুগান্তকারী বিপ্লব, যা ইরানকে পাশ্চাত্যপন্থী দেশ থেকে ইসলামি প্রজাতন্ত্রে পরিণত করে। এই বিপ্লবের নায়ক ছিলেন আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। তার নেতৃত্বে ১৬ জানুয়ারি ১৯৭৯ সালে মাত্র একদিনের গণঅভ্যুত্থানে ইরানের শেষ সম্রাট মোহাম্মদ রেজা শাহ পাহলভীর পতন হয়। ইমাম খোমেনির নের্তৃত্বে ইরান ইসলামী প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে।

৫২. কোন প্রক্রিয়ার সাহায্যে উদ্ভিদ খাদ্য তৈরি করে?

ক. শ্বসন খ. প্রস্বেদন
গ. ব্যাপন ঘ. সালোকসংশ্লেষণ

উত্তর✓ ঘ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উদ্ভিদ সূর্যালোকের উপস্থিতিতে কোষস্থ পানি ও অন্যান্য জৈব রাসায়নিক পদার্থের সাথে Co_2 এর বিক্রিয়া ঘটিয়ে শর্করা জাতীয় খাদ্য তৈরি করে।

৫৩. নাইট্রোজেনের প্রধান উৎস কি?

ক. বায়ু খ. গাছপালা
গ. মাটি ঘ. পানি

উত্তর✓ ক নাইট্রোজেনের পারমাণবিক সংখ্যা ৭। বাতাসের ৭৮.২% হচ্ছে নাইট্রোজেন, যা মৌলিক অবস্থায় আছে। তাই নাইট্রোজেনের প্রধান উৎস বায়ু।

৫৪. আলট্রাভায়োলেট রশ্মি কোন রোগ সৃষ্টি করে?

ক. ব্লাড ক্যান্সার খ. চর্ম ক্যান্সার
গ. ব্রেন ক্যান্সার ঘ. এইডস

উত্তর✓ খ আলট্রাভায়োলেট রশ্মি সূর্য থেকে পৃথিবীতে আসে এবং মানুষের চর্ম ক্যান্সার ও অন্যান্য মারাত্মক রোগ সৃষ্টি করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICAT.

৫৫. এইডস প্রতিরোধের ক্ষেত্রে কোনটি অধিকতর কার্যকর?

ক. সচেতনতা সৃষ্টি খ. শিক্ষার ব্যবস্থা

গ. আক্রান্তদের এড়িয়ে চলা ঘ. আক্রান্তদের প্রতি যত্নবান হওয়া

উত্তর✓ ক ব্যাখ্যা অনিয়ন্ত্রিত যৌন মিলন, রক্তদান বা গ্রহণ এবং ড্রাগ ব্যবহারকারীদের সিরিঞ্জের মাধ্যমে এইডস ছড়ায়। তাই সচেতনতা সৃষ্টি করলে এইডস প্রতিরোধ করা সম্ভব।

৫৬. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'

গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি'

উত্তর✓ ক ব্যাখ্যা প্রাণীদেহের গঠন, ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন আমিষের প্রধান কাজ। আমিষের অভাবে কোয়াশিয়কর রোগ হয়।

৫৭. 'মিষ্টি আলু' কোন ধরনের খাদ্য?

ক. আমিষ খ. শ্বেতসার

গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন উত্তর খ

৫৮. কোনটির অভাবে কোয়াশিয়রকর রোগ হয়?

ক. শ্বেতসার খ. ভিটামিন

গ. আমিষ ঘ. খনিজ লবণ উত্তর গ

৫৯. পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত?

ক. ৩,৮৪,০০০ কিমি খ. ৩,৯৫,০০০ কিমি

গ. ৪,০৫,০০০ কিমি ঘ. ৪,২০,০০০ কিমি উত্তর ক

৬০. বাংলাদেশ সরকার কোন সালে 'জাতীয় পরিবেশ নীতি' ঘোষণা করে?

ক. ১৯৯৫ খ. ১৯৯৭

গ. ১৯৯৪ ঘ. ২০০১

উত্তর✓ = ব্যাখ্যা বাংলাদেশ সরকার 'জাতীয় পরিবেশ নীতি' ঘোষণা করে ১৯৯২ সালে। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন করা হয় ১৯৯৫ সালে। বাংলাদেশে পরিবেশ আদালত গঠন করা হয় ২০০১ সালে। পরিবেশ সংরক্ষণ নিরাপত্তা বিধিমালা করা হয় ১৯৯৭ সালে।

৬১. কত সালে জাতিসংঘ গঠিত হয়?

ক. ১৯৪৩ খ. ১৯৪৪

গ. ১৯৪৫ ঘ. ১৯৪৬

উত্তর✓ গ ব্যাখ্যা জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় ২৬ জুন ১৯৪৫ সালে যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে। জাতিসংঘ সনদ কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৫১টি। জাতিসংঘের অফিসিয়াল ভাষা ৬টি-ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি। জাতিসংঘের বাজেট দু'বছরে একবার ঘোষিত হয়।

৬২. ভূপৃষ্ঠে সবচেয়ে বেশি পাওয়া যায়–

ক. অক্সিজেন খ. হাইড্রোজেন

গ. নাইট্রোজেন ঘ. কার্বন

উত্তর✓ ক ব্যাখ্যা ভূ-পৃষ্ঠে সবচেয়ে অক্সিজেন বেশি পাওয়া যায়। এর পরিমাণ ৪২.৭ %।

৬৩. সাধারণ তাপমাত্রায় কোন মৌলিক ধাতু তরল অবস্থায় থাকে?

ক. সিসা খ. পারদ

গ. ক্যালসিয়াম ঘ. লিথিয়াম উত্তর খ

৬৪. কম্পিউটার হার্ডওয়্যার বলতে বোঝানো হয়–

ক. স্মৃতি অংশ

খ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ

গ. কম্পিউটার ও সংশ্লিষ্ট যান্ত্রিক সরঞ্জাম

ঘ. শক্ত ধাতব অংশ উত্তর গ

৬৫. ডায়াবেটিস রোগ সম্পর্কে যে তথ্যটি সঠিক নয় সেটি হলো–

ক. চিনি জাতীয় খাবার বেশি খেলে এই রোগ হয়

খ. এই রোগ হলে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি পায়

গ. ইনসুলিন নামক একটি হরমোনের অভাবে এই রোগ হয়

ঘ. এই রোগ মানবদেহের কিডনি বিনষ্ট করে উত্তর ক

৬৬. পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের মোট আয়তনের শতকরা কতভাগ বনভূমি থাকা দরকার?

ক. ১২ ভাগ খ. ১৫.৮ ভাগ

গ. ১৯ ভাগ ঘ. ২৫ ভাগ উত্তর ঘ

৬৭. কোন মাটির পানি ধারণ ক্ষমতা সবচেয়ে কম?

ক. বেলে মাটি খ. এঁটেল মাটি

গ. দোআঁশ মাটি ঘ. এর কোনোটিই নয়

উত্তর✓ ক ব্যাখ্যা বেলে মাটির প্রধান বৈশিষ্ট্য হলো এদের পানি ধারণ ক্ষমতা খুবই কম। এছাড়াও এতে বিদ্যমান মাটির কণার আকার সবচেয়ে বড় থাকে, ফলে কণাগুলোর মাঝে ফাঁকা জায়গা বেশি থাকে।

৬৮. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়?

ক. কয়লা খ. বায়োগ্যাস

গ. প্রাকৃতিক গ্যাস ঘ. কোনোটিই নয় উত্তর খ

৬৯. সূর্য শক্তি তৈরি হচ্ছে কোন প্রক্রিয়ায়?

ক. রাসায়নিক প্রক্রিয়ায়

খ. আণবিক শক্তি প্রক্রিয়ায়

গ. পারমাণবিক শক্তি প্রক্রিয়ায়

ঘ. বিদ্যুৎ বিশ্লেষণ প্রক্রিয়ায়

উত্তর✓ গ ব্যাখ্যা যে প্রক্রিয়ায় একাধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠন করে এবং অত্যাধিক শক্তি নির্গত হয় তাকে নিউক্লিয় ফিউশন বা পারমাণবিক শক্তি প্রক্রিয়া বলে। সূর্যে শক্তি এই প্রক্রিয়ায় উৎপন্ন হয়।

৭০. পৃথিবী পৃষ্ঠ থেকে উপরে উঠলে মাধ্যাকর্ষণ বল–

ক. কমে যায় খ. বেশি হয়

গ. অপরিবর্তিত থাকে ঘ. কোনোটিই সঠিক নয়

উত্তর✓ ক ব্যাখ্যা যে বলে পৃথিবী অন্য কোনো বস্তুকে আকর্ষণ করে তাকে মাধ্যাকর্ষণ বল বলে। পৃথিবী পৃষ্ঠ থেকে উপরে উঠলে মাধ্যাকর্ষণ বল কমে যায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৭১. পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি?

ক. জাভা খ. গ্রিনল্যান্ড
গ. আইসল্যান্ড ঘ. মাদাগাস্কার

উত্তর✓ খ

দ্বীপ	আয়তন (বর্গ কিমি)	অবস্থান
জাভা	১,২৬,৭০০	ভারত মহাসাগর
গ্রিনল্যান্ড	২১,৭৫,৬০০	আটলান্টিক-আর্কটিক মহাসাগর
আইসল্যান্ড	১,০৩,০০০	উত্তর আটলান্টিক মহাসাগর
মাদাগাস্কার	৫,৮৭,০০০	ভারত মহাসাগর

৭২. কোনো স্থানে সময় যখন শনিবার সকাল ১০টা তখন এর ১৮০° পূর্বদিকে অবস্থিত স্থানের সময় হবে–

ক. শনিবার রাত্রি ১০টা খ. শনিবার দুপুর ৪টা
গ. শুক্রবার রাত্রি ১০টা ঘ. শনিবার ভোর ৪টা উত্তর ক

৭৩. ১২ মাসে বছর ও ৩০ দিনে মাস এ গণনারীতি কাদের?

ক. আরবীয়দের খ. মিশরীয়দের
গ. দারিযুগের ঘ. ক্যাম্বসেসের

উত্তর✓ খ মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল নীল নদের তীরে। খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দ থেকে এই সভ্যতার সূচনা। ১২ মাসে এক বছর, ৩০ দিনে একমাস, ৩৬৫ দিনে এক বছর এ গণনারীতি মিশরীয়দের। মিসরীয় সভ্যতার বিখ্যাত অবদান পিরামিড, লিখন পদ্ধতি, জ্যোতির্বিদ্যায় প্রভৃতিতে।

৭৪. এ দেশের সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন কে?

ক. হুসেন শাহ খ. সম্রাট জাহাঙ্গীর
গ. রাজা টোডরমল ঘ. ইংরেজরা

উত্তর✓ গ টোডরমল ছিলেন আকবরের রাজত্বকালে মোঘল সাম্রাজ্যের অর্থমন্ত্রী। তিনি সম্রাট আকবরের নয়জন উপদেষ্টা অর্থাৎ নবরত্নের একজন ছিলেন। টোডরমল রাজস্ব সংস্কারের জন্য ইতিহাস বিখ্যাত। টোডরমল উপমহাদেশে সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন।

৭৫. আসাদ কবে শহিদ হন?

ক. ১৯৬৯ সালের ২০ জানুয়ারি খ. ১৯৬৯ সালের ২১ ফেব্রুয়ারি
গ. ১৯৬৯ সালের ২ ফেব্রুয়ারি ঘ. ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি

উত্তর✓ ক ১৯৬৯ এর গণঅভ্যুত্থানে আসাদ শহিদ হন ২০ জানুয়ারি ১৯৬৯ সালে। শহিদ আসাদের বাড়ি নরসিংদী জেলার হাতিরদিয়ায়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন। ঢাকার বকশীবাজারের নবকুমার ইনস্টিটিউটের ছাত্র মতিউর রহমান শহিদ হন ২৪ জানুয়ারি ১৯৬৯ সালে। ২৪ জানুয়ারি গণঅভ্যুত্থান দিবস পালিত হয়।

৭৬. মোগল বংশের প্রতিষ্ঠাতা কে?

ক. বাবর খ. হুমায়ুন
গ. শাহজাহান ঘ. আকবর

উত্তর✓ ক মুঘলদের আদি বাসভূমি মঙ্গোলিয়া। ভারতীয় উপমহাদেশে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা জহিরউদ্দিন মুহাম্মদ বাবর। পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহিম লোদীকে পরাজিত করে বাবর মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। পানিপথের প্রথম যুদ্ধ সংঘটিত হয় ২১ এপ্রিল ১৫২৬ সালে।

৭৭. যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা কত দফার ভিত্তিতে পরিচালিত হয়?

ক. ১০ দফা খ. ১৬ দফা
গ. ২১ দফা ঘ. ২৬ দফা

উত্তর✓ গ ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে অংশগ্রহণের উদ্দেশ্যে চারটি দল নিয়ে ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে যুক্তফ্রন্ট গঠিত হয়। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হয়। ২১ দফার প্রথম দফা ছিলো বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা।

৭৮. প্রথম 'সাফ' গেমস অনুষ্ঠিত হয় কোথায়?

ক. কাঠমাণ্ডু খ. ঢাকা
গ. নয়াদিল্লি ঘ. কলম্বো

উত্তর✓ ক সাফ গেমসের বর্তমান নাম 'সাউথ এশিয়ান গেমস' বা 'এসএ গেমস'। সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ২ বছর পর পর।

আয়োজন	সাল	ভেন্যু
১ম	১৯৮৪	কাঠমান্ডু, নেপাল
১২তম	২০১৬	আসাম ও মেঘালয়, ভারত
১৩তম	২০১৮	কাঠমান্ডু, নেপাল

৭৯. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–

ক. ১৯৬০ সালে খ. ১৯৬২ সালে
গ. ১৯৬৫ সালে ঘ. ১৯৬৬ সালে

উত্তর✓ খ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম জেলার হাটহাজারীতে অবস্থিত। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৬৬ সালের ১৮ নভেম্বর। এটি দেশের তৃতীয় এবং ক্যাম্পাস আয়তনের দিক থেকে দেশের সর্ববৃহৎ বিশ্ববিদ্যালয়। প্রথম উপাচার্য ছিলেন ইফতেখার উদ্দিন চৌধুরী। ক্যাম্পাসের আয়তন ১৭৫৪ একর।

৮০. কর্ণফুলী পেপার মিলস্ কোথায় অবস্থিত?

ক. রাঙামাটির চন্দ্রঘোনায় খ. সিলেটের ছাতকে
গ. পাবনার পাকশীতে ঘ. কুষ্টিয়ার জগতিতে

উত্তর✓ ক কর্ণফুলী পেপার মিলস্ রাঙামাটির চন্দ্রঘোনায় অবস্থিত। মিলটি প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালে। কর্ণফুলী পেপার মিলস্ এ কাঁচামাল হিসেবে প্রধানত বাঁশ ব্যবহার করা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS